গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা- ২ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১৯.১৪.০০৮.১৮-২৬৬

তারিখ: ২৩/০৮/২০২০ খ্রি.

**বিষয়ঃ Bangladesh Geographical Information System Platform (BGISP) কার্যক্রমের সার্বিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব, মাহমুদা আকতার এর সভাপতিত্বে Bangladesh Geographical Information System Platform (BGISP) কার্যক্রমের সার্বিক অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত গত ১৮/০৮/২০২০ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৩/০৮/২০২০
(কালাচাঁদ সরকার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৪
ই-মেইল: kalachandbd@yahoo.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, A21, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা (দৃ: আ: ড.মো. জিয়াউদ্দিন, পরামর্শক (উপসচিব)।
০৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ. আ. জনাব মো: আফজালুর রহমান, উপপরিচালক (জরিপ)।
০৪। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ. আ. জনাব মো: জাকির হোসেন, সি. সহকারী প্রকৌশলী)।
০৫। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁ, ঢাকা।
০৬। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা (দৃ:আ: জনাব মো. শফিকুর রহমান, প্রোগ্রামার)।
০৭। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁ, ঢাকা (দৃ.আ. জনাব মো. মোশারফ হোসেন, সহকারী পরিচালক (জরিপ)।
০৮। বিভাগ প্রধান, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ.আ. জনাব মোঃ মাহবুবুর রব, উপ প্রধান)।
০৯। চেয়ারম্যান, SPARRSO, আগারগাঁও, ঢাকা (দৃ. আ. ড. মো. মাহমুদুর রহমান, পিএসও)।
১০। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
১১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (দৃ: আঃ ড. মরিয়ম আক্তার, সহকারী বন সংরক্ষক)।
১২। চেয়ারম্যান, রাজউক, ঢাকা (দৃ: আ: জনাব আশিকুর রহমান, সহকারী নগর পরিকল্পনাবিদ)।
১৩। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্তিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা (দৃ: আ: জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ব)।
১৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃঃ আঃ জনাব মোঃ মছির উদ্দিন, উপপরিচালক)।
১৫। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (দৃ.আ. জনাব রিয়াজুর রহমান রাজন, উপবিভাগীয় প্রকৌশলী)।
১৬। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষনা কাউন্সিল (BARC), ফার্মগেট, ঢাকা (দৃ.আ. হাসান মো.হামিদুর রহমান, পরিচালক)।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা (দৃ.আ. জনাব কে এম খালিদ আহসান, সি. সিষ্টেম এনালিষ্ট)।
১৮। চেয়ারম্যান, BIWTA, মতিঝিল, ঢাকা (দৃ: আ: জনাব মো. ইকবাল আলম, সিষ্টেম এনালিষ্ট)।
১৯। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা (দৃ.আ. বেগম দিলরুবা করিম, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ডিপিএস শাখা)।
২০। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা (দৃঃ আঃ জনাব দিল বাহার আহমেদ, নগর পরিকল্পনাবিদ)।
২১। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন, ফুলবাড়ীয়া, ঢাকা (দৃ.আ. বেগম কাজী হাসিবা হাসান, জিওগ্রাফার, নগর পরিকল্পনা বিভাগ)।
২২। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (দৃ: আ: ড. শেখ মেহেদী মোহাম্মদ, যুগ্মপরিচালক)।
২৩। নির্বাহী পরিচালক, CEGIS, বাড়ী নং ৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা (দৃ: আ: মোহা: মোস্তাফিজুর রহমান, সিনিয়র স্পেশালিস্ট, কোয়ালিটি ম্যানেজমেন্ট এন্ড পাবলিকেশন ডিভিশন)।
২৪। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২৫। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (দৃ: আ: মুহাম্মদ শফি উল্লাহ, সহযোগী অধ্যাপক)।
২৬। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা (দৃ. আ. অধ্যাপক ড. মো: শাহেদুর রশিদ )।
২৭। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জনসন রোড, ঢাকা (দৃ: আ: ড. মো. মনিরুজ্জামান, অধ্যাপক)।
২৮। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
২৯। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, BUET, পলাশী, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৩০। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৩১। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (WARPO) ৭২, গ্রীন রোড, ঢাকা (দৃ: আ: জনাব মোহাম্মদ হাসান শাহরিয়ার, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা)।
৩২। Country Director, World Bank Dhaka Office, আগারগাঁও, ঢাকা (দৃ: আ: জনাব ফয়েজ উদ্দিন আহমেদ, পরামর্শক)।
৩৩। Country Director, ADB Dhaka Office, আগারগাঁ, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৩৪। Country Director, UNDP Dhaka Office, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৩৫। Representative of Bangladesh, FAO Dhaka Office, বাড়ী নং-৩৭, সড়ক নং-০৮, ধানমন্ডী আ/এ, ঢাকা (দৃঃ আঃ জনাব রাশেদ জালাল, জিআইএস, বিশেষজ্ঞ)।
৩৬। Representative, UNFPA, আগারগাঁও, ঢাকা (দৃ. আ. জনাব মাহবুব-ই-আলম, সি. প্রোগ্রাম অফিসার)।
৩৭। প্রকল্প পরিচালক,স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (Stat4.Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।
৩৮। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা ও সদস্য সচিব, BGISP।
৩৯। জনাব মো: শফিকুল ইসলাম, সাবেক অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৪০। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।
২। প্রকল্প পরিচালক, স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (Stat4.Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা (BGISP এর ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

**Bangladesh Geographic Information System Platform (BGISP) কার্যক্রমের সার্বিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভার তারিখ | : ১৮/০৮/২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : বেলা ১২.০০ ঘটিকায় |
| স্থান | : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : মাহমুদা আকতার<br>অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : সংযুক্তি- 'ক' |

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত ৮ম সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও সভার এজেন্ডা উপস্থাপনের জন্য বিবিএস এর সেন্সাস উইং এর পরিচালক ও Stat4Dev প্রকল্পের প্রকল্প পরিচালকে আহবান জানান। প্রকল্প পরিচালক সভার আলোচ্য বিষয়সমূহ এবং গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি সভাকে জানান, BGISP-এর Guidline সংক্রান্ত উপ-কমিটি ৮টি সভায় মিলিত হয়ে একটি Guide Line এর খসড়া চূড়ান্ত করেছে এবং তা সকল সদস্যের মধ্যে মতামতের জন্য বিতরণ করা হয়েছে। মাত্র অল্প কয়েকজন সদস্য মতামত দিয়েছেন। তিনি সভায় আরও জানান যে, ওয়েবসাইট উপকমিটি কয়েকটি সভায় মিলিত হয়ে বিষয়টি চূড়ান্ত করে এবং Synesis IT নামক কোম্পানির মাধ্যমে একটি Website প্রস্তুত করে যা মে/২০১৯ এ Hosting করা হয়েছে। তিনি আরও জানান যে, গত এক বছর যাবৎ UNFPA এ বিষয়ে কোন Funding না করার কারণে BGISP এর কোন কার্যক্রম এগিয়ে নেওয়া সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, BGISP কমিটির সদস্য-সচিব, হলেন পরিচালক কম্পিউটার উইং, বিবিএস সদস্য-সচিবের দায়িত্ব পালন না করায় তিনি Stat4Dev প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে BGISP এর সদস্য-সচিবের দায়িত্ব পালন করছেন। BGISP-এর কার্যক্রমে স্থবিরতা পরিলক্ষিত হওয়ায় এবং গত সভার সিদ্ধান্তের অগ্রগতি না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।

২। সভাপতি বলেন, BGISP-এর খসড়া Guidline-টি চূড়ান্ত করা প্রয়োজন। গত সভার সিদ্ধান্ত অর্ন্তভূক্ত করে খসড়া Guidline টি চূড়ান্তকরণের জন্য সকল সদস্যদের নিকট প্রেরণ করতে হবে। ১০ (দশ) দিন সময় নির্দিষ্ট করে এ বিষয়ে মতামত গ্রহণের জন্য পত্র দিতে হবে। কোন মতামত না থাকলে মতামত নেই মর্মে জানাতে হবে। সেমতে পত্রে উল্লেখ করতে হবে। মতামত আসার পরে BGISP এর সম্মানিত সকল সদস্যদের নিয়ে একটি পূণার্ঙ্গ সভা আহবান করা যেতে পারে। সভাপতি BGISP-এর Website-এ সংশ্লিষ্ট সকল সদস্য ডাটা আপলোড কেন করেনি সে বিষয়ে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, সকল সদস্য সংস্থাকে User ID দেয়া সত্ত্বেও Data Upload করে নাই। আলোচনায় অংশ নিয়ে Water Supply & Sewerage Authority (WASA) প্রতিনিধি জনাব কাজী মু. খালীদ আহসান বলেন Website-এ একটি প্রতিবেদন তৈরী করার Option রাখা যেতে পারে যাতে একটি নিদিষ্ট সময় অন্তর অন্তর প্রতিবেদন প্রস্তুত পূর্বক অবহিত করতে পারবে। তিনি আরও বলেন সকল সংস্থা প্রধানদের নিয়ে একটি Zoom Meeting আয়োজনের ব্যবস্থা করা যেতে পারে এতে BGISP এর তথ্য প্রাপ্তিতে সহজ হবে।

৩। Local Government Engineering Department (LGED) প্রতিনিধি জনাব জাকির হোসেন BGISP সর্ম্পকে আলোচনায় অংশ নিয়ে জানান BGISP-এর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো Integrated GIS data

Visualization যা একটি Web GIS based Platform এর মাধ্যমে সুবিধা ভোগ করা যায়। BGISP এর শুরুতে এটি তৈরী করার পরিকল্পনা গ্রহন করা হয়েছিল, কিন্তু পর্যাপ্ত বাজেট না থাকায় শুধুমাত্র একটি Website এর মধ্যেই এর কার্যক্রম সীমাবদ্ধ রয়েছে। এমতাবস্থায় অন্য কোন খাত হতে অর্থ সংস্থানপূর্বক পুনরায় Website টি Web GIS based করা যায় কিনা তার পরামর্শ দেন। এ প্রেক্ষিতে জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক জনাব রেজাউল রনি সভাকে অবহিত করেন যে, জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পে একটি GIS based Modul Develop করা হচ্ছে এটি Integrated Census Management Platform নামে পরিচিত যা দীর্ঘমেয়াদী টেকসই হবে বলে আশা করা যায়। উক্ত Modul এর link টি BGISP এর Page এ স্থাপন করা যেতে পারে। এ ব্যাপারে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ খলিল আহমেদ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে। জনাব মোঃ খলিল আহমেদ, Survey of Bangladesh (SOB) কর্তৃক নতুন প্রস্তাবিত National Spatial Data Infrastructure (NSDI) সর্ম্পকে জানতে চান। সভায় SOB এর প্রতিনিধি জনাব মোশারফ হোসেন ও জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জনাব রেজাউল রনি আলোচনায় অংশ নিয়ে এ বিষয়ে মতামত ব্যাক্ত করেন। SOB এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে দুটি সংস্থার কাজের পরিধি ভিন্ন এবং কোনভাবে একে অপরকে প্রভাবিত করে না। জনাব রেজাউল রনি বলেন- SOB কর্তৃক প্রস্তাবিত NSDI Policy, 2020 (খসড়া) এর উদ্দেশ্যসমূহ BGISP এর উদ্দেশ্যের সাথে সাংঘর্ষিক। পরিসংখ্যান আইন-২০১৩ এর ৬(থ)-এ বাংলাদেশের একটি কেন্দ্রীয় Geographic Information System (GIS) প্লাটফরম প্রতিষ্ঠার বিষয়ে উল্লেখ রয়েছে সেহেতু খসড়া নীতিমালার ৫.২ দফাটি উক্ত আইনের সাথে সাংঘর্ষিক। এ প্রসংগে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন- NSDI Policy, 2020 যাতে পরিসংখ্যান আইন-২০১৩ এর ৬(থ) ধারার সাথে সাংঘর্ষিক না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য SOB এর প্রতিনিধির জনাব মোঃ মোশারফ হোসেনকে অনুরোধ করেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে এ বিষয়ে মতামত প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন।

৪। SOB-র প্রতিনিধি জনাব মোশারফ হোসেন বলেন, GIS কার্যক্রমে যারা অভিজ্ঞ তাদের দ্বারা GIS কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। এক্ষেত্রে কার্টোগ্রাফারদের এ কাজে নিয়োজিত করা দরকার। জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়ের জনাব রেজাউল রনি একমত পোষণ করে বলেন যে, BGISP-এর জন্য Permanent Setup দরকার এবং কোন কার্টোগ্রাফারকে দায়িত্ব দিলে উক্ত Platform টি যথাযথভাবে পরিচালিত হতো। যেহেতু এতদিন পর্যন্ত BGISP কার্যক্রম একটি প্রকল্পের আওতায় পরিচালিত হয়ে আসছিল। প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে উক্ত কার্যক্রম যাতে বন্ধ না হয় তার ব্যবস্থা গ্রহন করতে হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে একটি GIS Wing থাকলে ভবিষ্যতে উক্ত Wing এর মাধ্যমে BGISP কার্যক্রম যেমন পরিচালিত হবে তেমনি অন্যান্য সকল Wing কেও সহযোগীতা করতে পারবে। তাছাড়াও বিভিন্ন সংস্থাও BGISP এর মাধ্যমে GIS wing থেকে জাতীয় পর্যায়ে সহযোগীতা ও অবদান রাখতে পারবে বলে আশা ব্যক্ত করেন। প্রকল্প পরিচালক জনাব মোঃ জাহিদুল হক সরদার জানান বিবিএস-এ কার্টোগ্রাফার রয়েছে। তবে বর্তমানে তারা অন্য দপ্তরে নিয়োজিত রয়েছে। তাদেরকে বিবিএস এর কম্পিউটার উইং-এ পদায়ন বা পূর্ণবহাল করলে BGISP এর কার্যক্রমে গতিশীলতা পাবে। এ পর্যায়ে এলজিইডির প্রতিনিধি জনাব মোঃ জাকির হোসেন বলেন- BGISP এর কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য বিবিএস এর অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে একটি টিম গঠন করা প্রয়োজন। আলোচনায় অংশ নিয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব ড. দিপংকর রায় জানান, প্রকল্পের অনেক কম্পোনেন্ট বাস্তবায়ন শেষে যাতে হারিয়ে না যায় সে জন্য প্রকল্প শেষে তা Main Stream-এ আনতে হবে।

৫। প্রকল্প পরিচালক জনাব জাহিদুল হক সরদার বলেন- বর্তমান Stat4Dev প্রকল্পটির আওতায় BGISP এর কার্যক্রম চলমান আছে। প্রকল্পটি আগামী ৩১ ডিসেম্বর ২০২০ সমাপ্ত হবে। তিনি আরও বলেন, ইতোপূর্বের সভায় একটি সিদ্ধান্ত আছে- প্রকল্প সমাপ্ত হলে BGISP এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য বিবিএসকে এখন থেকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। সভাপতি বলেন- পরবর্তীতে BGISP এর কার্যক্রম চলমান রাখার বিষয়ে এখনই কার্যকরী উদ্যোগ নিতে হবে। কম্পিউটার উইং এর মাধ্যমে প্রাতিষ্ঠানিকীকরণ করতে হবে। কম্পিউটার উইং এর পরিচালক কে সভাপতি করে সেন্সাস উইং এর সমন্বয়ে এ বিষয়ে অভিজ্ঞ কার্টোগ্রাফারদের নিয়ে একটি টিম গঠন করতে হবে। বিবিএস-কে এ ব্যপারে উদ্যোগ নিতে হবে। এ টিম পরবর্তীতে কার্যক্রম চলমান রাখবে। BGISP এর প্রাতিষ্ঠানিকীকরণ ও BGISP এর কার্যক্রম পরিচালনার জন্য একটি টিম গঠনের জন্য মহাপরিচালক, বিবিএস কে একটি চিঠি দিতে হবে। WASA এর প্রতিনিধি জনাব কাজী মু. খালীদ আহসান

বলেন- BGISP গঠন ও ওয়েবসাইট করাসহ BGISPএর অধিকাংশ কাজ সম্পন্ন হয়েছে। কিন্তু ফান্ডের অভাবে কিছু কাজ সম্পন্ন করা যায়নি। BGISP কে প্রাতিষ্ঠানিকিকীরণের জন্য বিবিএস এর একটি স্থায়ী কাঠামো প্রয়োজন। বিবিএসসহ GIS সংশ্লিষ্ট প্রতিষ্ঠান Meta Data তৈরি করবে এবং GIS প্লাটফর্মে প্রেরণ করবে। ডাটা আপলোডের বিষয়ে বিবিএস-কে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। সভাপতি বলেন- এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিবিএস এর মহাপরিচালককে অনুরোধ জানাতে হবে। এ প্রসংগে অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন- BGISP এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিবিএস কর্তৃক গঠিত টিম নিয়মিতভাবে (দু'সপ্তাহ পর পর) BGISP এর ডাটা আপলোড সংক্রান্ত আপডেট তথ্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করবেন। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সহকারী প্রোগ্রামার বিবিএস থেকে এ সংক্রান্ত তথ্য সংগ্রহ করবেন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

০৬। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

(ক) BGISP এর গাইড লাইন সম্পর্কে মতামত দেয়ার জন্য সকল সদস্য সংস্থাকে পত্র দিতে হবে। সেমতে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মতামত প্রদান করতে হবে। মতামত না থাকলে মতামত নাই মর্মে জানাতে হবে মর্মে পত্রে উল্লেখ করতে হবে।

(খ) BGISP এর সকল সংস্থাকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাচন করে দিতে হবে। যারা এখনো করেন নাই তাদেরকে পত্র দিতে হবে।

(গ) Data Upload বিষয়ে Reporting এর জন্য Website– এ একটি কলাম Develop করতে হবে।

(ঘ) BGISP কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণ ও BGISP কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিবিএস এর কম্পিউটার উইং-র পরিচালককে সভাপতি করে সেন্সাস উইং-কে সম্পৃক্ত করে এ বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা ও কার্টোগ্রাফারদের সমন্বয়ে একটি টিম গঠন করতে হবে। এ টিম পরবর্তীতে BGISP এর কার্যক্রম চলমান রাখবে। মহাপরিচালক, বিবিএস এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। এ বিষয়ে মহাপরিচালক বিবিএস-কে পত্র দিতে হবে।

(ঙ) বিবিএস এর কার্টোগ্রাফার বিভিন্ন দফতরে কর্মরত থাকলে তাদেরকে অতিসত্ত্বর ফিরিয়ে এনে BGISP এর কাজে নিয়োজিত করতে হবে। এ বিষয়ে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

(চ) জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প এর জন্য প্রস্তুতকৃত Integrated Census Management Platform কে BGISP এর সাথে লিংক করতে হবে।

(ছ) BGISP কার্যকর করার জন্য সকল সদস্যগণকে Writeup চেয়ে পত্র দিতে হবে।

(জ) BGISP এর সংস্থা প্রধানদের নিয়ে একটি Zoom Meeting আয়োজন করতে হবে।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/৮/২০২০

(মাহমুদা আকতার)
অতিরিক্ত সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ